



## Bangladesh Society of Sydney, inc

Registration no: INC9889018, ABN : 21041189493

### বাংলাদেশ সোসাইটি অব সিডনী (ইংক)এর উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' ২০১০ উপলক্ষ্যে বাংলাদেশ সোসাইটি অব সিডনী আয়োজন করেছে আলোচনা সভা এবং বাংলাদেশ কালচারাল স্কুলের ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে বাংলা লিখনী প্রতিযোগীতা।

গতকাল রবিবার ২১শে ফেব্রুয়ারী সকাল ১১টায় রকডেল পাবলিক স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত এই সভায় ১৯৫২ সালে মাতৃভাষা আন্দোলন থেকে শূরু করে মাতৃভাষা দিবস আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতি পাওয়া পর্যন্ত বিস্তারিত বিষয়ে আলোচনা হয়।

সোসাইটির সভাপতি জনাব শহীদুজ্জামান আলো'র সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বাংলাদেশ কালচারাল স্কুলের ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সোসাইটির সহ-সভাপতি জনাব হায়াত মাহমুদ। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সর্ব জনাব ডঃমনজুরুল করিম, নাজমুল হুদা, নাজমুল হক। সার্বিক অনুষ্ঠানটি পরিচালনা করেন সোসাইটির সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী।

দিনের আয়োজনের দ্বিতীয় পর্বে ছিল বাংলা লিখনী প্রতিযোগীতা। এতে রকডেলস্ট বাংলাদেশ কালচারাল স্কুল সিডনীর ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে।

বিপুল উৎসাহ-উদ্বিগ্নার মধ্যদিয়ে এই বাংলা লিখনী প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।  
প্রতিযোগীতায় প্রতিটি ছাত্র-ছাত্রীরাই অনেক ভাল করেছে। এতে বড়দের মধ্যে  
শারিকা চৌধুরী এবং ছোটদের মধ্যে মুনাদ হুদা প্রথম স্থান অধিকার করেছে।  
তবে উপস্থিত সকলকেই পুরস্কৃত করা হয়। প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ  
করেন বাংলাদেশ কালচারাল স্কুলের প্রিপিপ্যাল ড: মোহাম্মদ হাবিব উল্মাহ।

বাংলা স্কুলের ছাত্র আবিদ উজ-জামানের কুরআন তেলাওয়াতের মাধ্যমে  
অনুষ্ঠানটি শুরু হয়ে দুপুরের খাবারের মাধ্যমে শেষ হয়।  
অনুষ্ঠানটিতে স্থানীয় অনেক বাংলাদেশীদের উপস্থিতি লক্ষ্য করা গেছে।



দুপুরের খাবারের মাধ্যমে শেষ হয় অনুষ্ঠানটি



সোসাইটির সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী।



সোসাইটির সহ-সভাপতি জনাব হায়াত মাহমুদ।



বাংলা লিখনী প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ



সোসাইটির স্পোর্টস সেক্রেটারি জনাব নাজমুল হক।



সোসাইটির অন্যতম সদস্য ড:মনজুরম্মল করিম



সোসাইটির প্রাক্তন সভাপতি নাজমুল হুদা



দিনের আয়োজনের দ্বিতীয় পর্বে ছিল বাংলা লিখনী প্রতিযোগীতা



সোসাইটির সভাপতি জনাব শহীদুজ্জামান আলো